**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়**
**সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া।**
**www.forest.kushtia.gov.bd**

**দরপত্র বিজ্ঞপ্তি নং- সাববিকু-০৬ অব ২০২২-২০২৩** **তারিখ- ১৬/১০/২০২২ খ্রিঃ।**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া এর আওতাধীন কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন উপজেলায় সংযোগ সড়ক/বাঁধ, নতুন ও ২য় আবর্তের বাগান সৃজন/রাস্তা সম্প্রসারণ/খাল খনন/ উন্নয়ন মূলক কাজের নিমিত্ত বিভিন্ন সনে জগতি, ভেড়ামারা, গাংনী, মেহেরপুর, চুয়াডাঙ্গা, জীবননগর সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রের (এসএফএনটিসি) আওতায় অংশীদারিত্বের ভিত্তিতে সৃজিত মেয়াদ উত্তীর্ণ বাগান সমূহের মার্কাকৃত খাড়াগাছ/ জব্দকৃত/ঝড়েপড়া/কর্তনকৃত কাঠ এবং অবিক্রিত লট সমূহ বিক্রয়ের লক্ষ্যে প্রকৃত কাঠ ব্যবসায়ি/বৈধ করাতকল মালিক/বৈধ ডিপো মালিক/ বৈধ ফার্ণিচার মার্ট মালিক/প্রতিষ্ঠান/ঠিকাদার/উপকারভোগী/ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহর যুক্ত টেন্ডার আহ্বান করা যাচ্ছে।

## সিডিউল বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র উন্মুক্ত করণের সময়সূচী :

| দরপত্র | উপজেলার নাম | সিডিউল বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র উন্মুক্ত করণের স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম বার | কুষ্টিয়া সদর, কুমারখালী, খোকসা, ভেড়ামারা, মিরপুর, দৌলতপুর, গাংনী, মেহেরপুর সদর, মুজিবননগর, চুয়াডাঙ্গা সদর, আলমডাঙ্গা, জীবননগর, দামুড়হুদা। | ২৫/১০/২০২২ খ্রিঃ হতে ০৮/১১/২০২২ খ্রিঃ পর্যন্ত। (অফিস চলাকালীন) সকাল- ৮.০ হতে বিকাল-৩.০ ঘটিকা | ০৯/১১/২০২২ খ্রিঃ সকাল- ৯.০ ঘটিকা হতে দুপুর- ১২.৩০ ঘটিকা পর্যন্ত। | বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া ০৯/১১/২০২২খ্রিঃ দুপুর-২.৩০ ঘটিকা। |

১। প্রতিটি সিডিউলের বিক্রয় মূল্য ঃ ৩০০.০০ (তিনশত) টাকা (অফেরৎ যোগ্য)।
২। সিডিউল প্রাপ্তির স্থান ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়, জগতি/ভেড়ামারা/গাংনী/মেহেরপুর/চুয়াডাঙ্গা/জীবননগর এসএফএনটিসি।
৩। দরপত্র দাখিলের স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর দপ্তর, জেলা প্রশাসক, কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা ও পুলিশ সুপার, কুষ্টিয়া এর দপ্তর।
৪। দরপত্র বাছাই কমিটির সদস্য এবং দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
৫। দরপত্রের অন্যান্য শর্তাবলী সিডিউল বিক্রয়ের শেষ দিন পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তর, জগতি/ভেড়ামারা/গাংনী/মেহেরপুর/চুয়াডাঙ্গা/জীবননগর এসএফএনটিসির কার্যালয় সমূহে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।
৬। প্রতিটি সিডিউল এর বিপরীতে লটক্রেতাগণ ০১(এক)টি লট ক্রয় করতে পারবে এবং পে-অর্ডার দাখিল করতে হবে। শুধুমাত্র ঝড়েপড়া/জব্দকৃত ও অন্যান্য ভাবে আহরিত লটের জন্য শিথিলযোগ্য।
৭। দরপত্র দাতাকে লটের বিপরীতে উদ্বৃত মুল্যের প্রতি লটের জামানত হিসাবে ১০%, লট মুল্য হিসাবে ৫০% পে-অর্ডার প্রতিটি লটের বিপরীতে আলাদাভাবে দাখিল করতে হবে।

## কাঠ বিক্রয়ের শর্তাবলী

০১। প্রকৃত কাঠ ব্যবসায়ী, বৈধ করাতকল লাইসেন্সধারী, বৈধ ফার্ণিচার মার্ট মালিক ও উপকারভোগী সদস্য, দরপত্রদাতাগণকে অবশ্যই নির্ধারিত দরপত্র সিডিউল "বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া" এর বরাবর সীলমোহরকৃত খামে দাখিল করিতে হইবে। খামের বাম পার্শ্বে দরপত্র দাতার পূর্ন নাম, ঠিকানা ও উপরের ডান প্রান্তে লট নম্বরসহ "গাছ/কাঠ/জ্বালানী কাঠ ক্রয়ের দরপত্র" লিখিত থাকিতে হইবে। দরপত্র সিডিউলে লটের মূল্য অংকে ও কথায় পৃথকভাবে এবং লটের নম্বর স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করিতে হইবে। প্রতিটি খাড়া গাছের লটের জন্য পৃথক পৃথক সিডিউল ক্রয় করিতে হইবে। শুধুমাত্র ঝড়ে পড়া/জব্দকৃত ও অন্যান্য ভাবে আহরিত লটের জন্য শিথিলযোগ্য। প্রতিটি সিডিউলে সংশ্লিষ্ট এসএফএনটিসি এর যে কোন সংখ্যক ঝড়ে পড়া/জব্দকৃত ও অন্যান্য ভাবে আহরিত একাধিক লটের দর উদ্ধৃত করা যাইবে। তবে একাধিক এসএফএনটিসি এর লটের দর একটি সিডিউলে উল্লেখ করা যাইবে না।

০২। দরপত্রদাতাগণকে দরপত্রের সহিত অবশ্যই নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে। অন্যথায় দরপত্র গ্রহণ করা হইবে না।
(ক) সিডিউল ক্রয়ের রশিদ।
(খ) জামানতের অর্থ বাবদ প্রতিটি লটের জন্য/বিপরীতে বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া-এর বরাবরে (Pledge to DFO) উদ্ধৃত দরের ১০% ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে।
(গ) লট ক্রেতাকে দরপত্রের সহিত প্রতিটি লটের উদ্ধৃত মূলের ৫০%(শতকরা পঞ্চাশ ভাগ) অগ্রিম হিসাবে "বিভাগীয় বন কর্মকর্তা,সামাজিক বন বিভাগ,কুষ্টিয়া" এর বরাবরে (Pledge to DFO) যে কোন তফসিলী ব্যাংকে জমা করতঃ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ।
(ঘ) জাতীয় পরিচয়/নাগরিকতার সনদপত্রের সত্যায়িত কপি।
(ঙ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার হালনাগাদ সনদপত্রের আলোকছাপের সংযুক্ত কপি।
(চ) দরপত্রদাতাকে সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার দ্বারা সত্যায়িত)।
(ছ) হালনাগাদ আয়কর সনদপত্রের সত্যায়িত কপি ও ভ্যাট রেজিষ্ট্রেশনের সত্যায়িত সার্টিফিকেট ।
(জ) দরপত্রের শর্তাবলীর প্রতি পৃষ্ঠায় দরপত্রের স্বাক্ষরসহ একাধিক লটে অংশগ্রহণকারী যে কোন একটি লটের সাথে দাখিল করিয়া তাহা উল্লেখ করিতে হইবে।

০৩। জামানতের অর্থ কোন অবস্থাতেই নগদ অর্থে অথবা চেকের মাধ্যমে গ্রহণযোগ্য হইবে না। অকৃতকার্য দরপত্রদাতার জামানতের অর্থ ও ৫০% অগ্রিম অর্থ লিখিত আবেদনের ভিত্তিতে দরপত্র খোলার ১০(দশ) কার্যদিবস পর অবমুক্ত করিয়া দেওয়ার ব্যবস্থা করা হইবে। গৃহীত দরপত্রদাতাদের জামানতের অর্থ কার্যসম্পন্ন না হওয়া পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর হেফাযতে থাকিবে।

০৪। একটি লট একাধিক দরপত্রদাতার নিকট বিক্রি করা হইবে না। তবে একজন দরপত্রদাতা একাধিক লট ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। প্রত্যেকটি লটের জন্য পৃথক পৃথক পূর্ণাঙ্গ দরপত্র দাখিল করিতে হইবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, একটি লটের জন্য সমমূল্যের একাধিক দরপত্র পাওয়া গেলে দরপত্র কমিটি লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন।

০৫। দরপত্রদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে প্রত্যেকটি লটে বর্ণিত গাছের/কাঠের/জ্বালানী কাঠের প্রজাতি, সংখ্যা, আনুমানিক পরিমাপ সরেজমিনে দেখিয়া আসিবেন। দরপত্র দাখিলের পর কোন প্রকার ওজর আপত্তি চলিবে না বা গ্রহণযোগ্য হইবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করিলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের জাত, মাপ ও গুনগতমান, গাছ মরা, পঁচা ও ডোর ইত্যাদি সংক্রান্ত ওজর-আপত্তি উথাপন পূর্বক কার্যাদেশ গ্রহণ করিতে অস্বীকৃতি জানাইলে তাহার জামানতের অর্থ ১০% ও ৫০% অগ্রিম অর্থ সরকারী খাতে বাজেয়াপ্ত করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**(চলমান পাতা নং-০২)**

০৬। যাহার নামে পূর্বে বন বিভাগের বকেয়া কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন পাওনা আছে অথবা যাহারা অত্র বন বিভাগ হইতে ইতোপূর্বে কার্যাদেশ প্রাপ্ত হইয়া বনজ দ্রব্যের মূল্য পরিশোধ করেন নাই তাহাদিগকে অত্র নীলামে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না।

০৭। গৃহীত দরপত্রদাতাকে তাহাদের দর গ্রহণের পর হইতে দ্রুত সময়ের মধ্যে লটের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। লটের সমুদয় মূল্য পরিশোধ করিতে ব্যর্থ হইলে তাহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং তাহার জামানতের অর্থ ও ৫০% অগ্রিম অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করতঃ সংশ্লিষ্ট লট পুনঃ বিক্রয় করা হইবে। ইহাতে সরকারের কোন ক্ষতি হইলে কম পরিমাণ অর্থের জন্য সংশ্লিষ্ট দরপত্রদাতাদের বিরুদ্ধে পি.ডি. আর এ্যাক্ট অনুযায়ী সরকারের ক্ষতি আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়ের করা হইবে।

০৮। দরপত্রের মাধ্যমে বিক্রিত লটের বিক্রয়মূল্যের উপর নিয়মমাফিক হারে ১০% (শতকরা দশ ভাগ) আয়কর এবং ৭.৫% হারে মূল্য সংযোজন কর (মুসক) সংশ্লিষ্ট সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট মানি রশিদের মাধ্যমে জমা দিয়া উক্ত মূল রশিদসহ বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া-এর কার্যালয়ে আবেদন করতঃ লটের গাছ কর্তনের জন্য নিয়মিত কার্যাদেশ গ্রহণ করিতে হইবে। অন্যথায় দরপত্রদাতার দরপত্র বাতিল করাসহ জামানতের অর্থ ১০% ও ৫০% অগ্রিম অর্থ সরকারী খাতে বাজেয়াপ্ত করা হইবে।

০৯। ৭ ও ৮ নং শর্ত মোতাবেক সমুদয় পাওনা নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরিশোধ করিলে ক্রেতাকে কার্যাদেশ প্রদান করতঃ লটের গাছ কাটিবার/অপসারণ করিবার অনুমতি দেওয়া হইবে এবং ক্রেতাকে বন বিভাগের তত্ত্বাবধানে লটের একদিক হইতে গাছ কর্তন/অপসারণ শুরু করিতে হইবে।

১০। লট ত্রেতাকে লটের গাছ কাটিবার/অপসারণের অনুমতি প্রদানের সাথে সাথে গাছ কাটা/অপসারণ শুরু করিয়া ৭ (সাত) দিনের মধ্যে সমুদয় গাছ কাটা/অপসারণ সম্পন্ন করিতে হইবে এবং কর্তিত গাছ অপসারণের নিমিত্ত গাছ বিক্রয় মার্কা প্রদানের জন্য সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করিতে হইবে। কর্তিত গাছে বিক্রয় মার্কা দেওয়ার পর সমুদয় গাছ পরবর্তী ৫ (পাঁচ) দিনের মধ্যে অপসারণ করিতে লটক্রেতা বাধ্য থাকিবেন।

১১। কাঠের এক মাথায় স্থানীয় ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংশ্লিষ্ট ফরেষ্টার দ্বারা সুস্পষ্ট বিক্রয় হাতুড়ী (সেল হ্যামার) চিহ্ন দেওয়ার পূর্বে কোন গাছ কর্তিত স্থান হইতে সরানো বা চিরাই করা যাইবে না। এইরুপ করিলে তাহা বন অপরাধ হিসাবে গণ্য হইবে। কোন অবস্থাতেই কর্তিত গাছের মোথা অপসারণ করা যাইবে না বা মাটি সরাইয়া গাছ কাটা যাইবে না।

১২। লটক্রেতা তাহার লটের গাছ কাটিয়া লিখিতভাবে কাটা গাছে বিক্রয় হাতুড়ী চিহ্ন দেওয়ার জন্য আবেদন করিলে ভারপ্রাপ্ত কর্মকর্তা বিক্রয় হাতুড়ী চিহ্ন দেওয়ার ব্যবস্থা করিবেন।

১৩। লটক্রেতাকে যথেষ্ট সর্তকতার সাথে গাছ কাটা/অপসারণের কাজ সম্পাদন করিতে হইবে। অসর্তকতার দরুন চিহ্ন করা গাছ ফেলিবার/স্থানান্তরের সময় যদি পার্শ্বের কোন গাছ, ঘরবাড়ী বা অন্য কোন স্থাপনা ক্ষতিগ্রস্থ/বিনষ্ট হয় তাহা হইলে বিনষ্ট গাছের ও ঘরবাড়ী স্থাপনার মূল্য বাজার দরের দেড়গুন হারে ক্রেতার নিকট হইতে আদায় করা হইবে। গাছ কাটিবার/অপসারণের সময় যানবাহন, বৈদ্যুতিক তার, মাটির উপরে ও নীচে টেলিফোন তার ও সড়কের কোন ক্ষতিসাধন করা যাইবে না। অনুরুপ যে কোন ক্ষতিসাধিত হইলে সংশ্লিষ্ট লট ক্রেতা দায়ী থাকিবেন এবং ক্ষতিপুরণ প্রদানে বাধ্য থাকিবেন। অন্যথায় জামানতের অর্থ ফেরৎ দেওয়া হইবে না এবং তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৪। লট হইতে বনজদ্রব্য অপসারণ করিবার সময় বনজদ্রব্যের স্বপক্ষে বৈধ কাগজপত্র ব্যতিরেকে কোন বনজ দ্রব্য অপসারণ করা যাইবে না। লট হইতে বনজদ্রব্য পরিবহন করিবার সময় বন বিভাগের যে কোন কর্মকর্তা/কর্মচারী যে কোন স্থানে বনজ দ্রব্যের বৈধতা পরীক্ষা করিবার জন্য পরিবহনকারী যানবাহন থামাইতে পারিবেন ও বৈধতা যাচাই করিতে পারিবেন। ইহাতে ক্রেতার কোন ওজর-আপত্তি চলিবে না। লট ক্রেতা প্রয়োজনে বিভাগীয় দপ্তর হইতে চলাচল পাশ সংগ্রহ করিতে পারিবেন।

১৫। সূর্যাস্ত হইতে সূর্যোদয় পর্যন্ত কোন প্রকার বনজদ্রব্য লট এলাকা হইতে অপসারণ করা যাইবে না।

১৬। লটের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর যে সমস্ত গাছ বা বনজ দ্রব্য কাটা/অপসারণ করা হয় নাই বা পতিত অবস্থায় লটের ভিতর থাকিবে তাহা সরকারী সম্পদ হিসাবে গন্য হইবে এবং ক্রেতাগণকে না জানাইয়া বনায়ন করিবার জন্য সকল বনজদ্রব্য বন বিভাগ কাটিবার/অপসারণের বন্দোবস্ত করিবেন। উহাতে যে টাকা ব্যয় হইবে তাহা ক্রেতা বহন করিবেন। নতুবা জামানতের অর্থ হইতে কাটিয়া লওয়া হইবে। মেয়াদ উত্তীর্ন হওয়ার পর বাগান করিবার জন্য গর্ত করাসহ বিবিধ কাজ করা হইবে। ইহাতে ক্রেতার কোন ক্ষতি হইলে বন বিভাগ কোন অবস্থাতেই দায়ী থাকিবেন না।

১৭। বিক্রয় তালিকাভূক্ত গাছের সংখ্যা, প্রজাতি ও মাপ সাধারণভাবে সঠিক বলিয়া গন্য হইবে। দরপত্র নোটিশ জারী করিবার পর গাছের তালিকায় (মার্কিং লিষ্ট) কোনরূপ ভূলত্রুটি পরিলক্ষিত হইলে দরপত্র আহবানকারী কর্মকর্তা উহা সংশোধন করিতে পারিবেন।

১৮। লটের গাছ কাটা ও কাঠ/জ্বালানী কাঠ অপসারণ কাজ সম্পন্ন হইলে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী বন সংরক্ষক-এর মাধ্যমে ক্রেতা লিখিত আবেদন করিলে তাহাদের সুপারিশের প্রেক্ষিতে জামানতের টাকা ফেরৎ দেওয়া হইবে।

১৯। খরিদকৃত লট এলাকায় কোন মার্কাবিহীন গাছ এবং সংরক্ষণকৃত কোন গাছ (লাল রং চিহ্ন দেওয়া) কোনভাবেই কাটা বা ক্ষতি করা যাইবে না। কোন প্রকার ক্ষতি বা গাছ কাটিলে সরকারী নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন। লট ক্রেতা খরিদকৃত কোন প্রকার কাঠ বা জ্বালানী ইট ভাটায় ব্যবহার করিতে পারিবেন না।

২০। দরপত্র উন্মুক্তকরণের দিন হইতে লটের বিক্রিত গাছের রক্ষণাবেক্ষণের পূর্ণ দায়িত্ব ক্রেতার উপর থাকিবে। যদি কোন দৈব-দূর্বিপাকে, ঝড়-তুফান, বন্যায় বা আগুনে পুড়িয়া লটের কোন ক্ষতি হয় তাহার জন্য সরকার দায়ী থাকিবে না এবং ক্ষতিপূরণ দাবী করিলেও তাহা আইনতঃ অগ্রাহ্য হইবে। (কোন প্রকার আইন-শৃংখলা অবনতি, চুরি, ডাকাতি রাহাজানি ইত্যাদি কারণে লটের কাজ ব্যাহত হইলে তজ্জন্য সরকার দায়ী থাকিবে না। ইহাতে ক্রেতার কোন ক্ষতিসাধিত হইলে তজ্জন্য সরকারকে দায়ী করা যাইবে না।)

২১। প্রয়োজনবোধে দরপত্র আহবানকারী কর্মকর্তা দরপত্র খোলার সময় বা পূর্বে লটের তালিকায় ভুল থাকিলে তাহা সংশোধন করিতে পরিবেন। প্রয়োজনবোধে দরপত্র গ্রহণের পূর্বে লটের তালিকা পরিবর্তন করিতে পারিবেন এবং কোন লট বিক্রয় তালিকা হইতে বাদ দিতে বা নতুন লট তালিকাভূক্ত করিতে পারিবেন।

২২। বিভাগীয় বন কর্মকর্তার অনুমতি ব্যতিরেকে যে কোন ক্রেতা তাহার পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন। ক্রেতাকে তাহার প্রতিনিধি ও দিনমজুরগনের পুর্ণ বিবরণ স্থানীয় ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করিয়া লটের কাজ করিবার অনুমতি পত্র (এ্যান্ট্রি পাস) নিতে হইবে। তাহার নিযুক্ত প্রতিনিধি অথবা দিনমজুরগন যদি কোন বে-আইনি কাজ করেন তজ্জন্য ক্রেতা সম্পূর্ণ দায়ী থাকিবেন।

২৩। দরপত্র আহবানকারী কর্মকর্তা যদি মনে করেন যে, কোন লটের ক্রেতা সন্ত্রাসীমুলক আচরণ প্রদর্শন করিয়া অন্যান্য দরপত্র দাখিলকারীকে উক্ত লটের দরপত্র দাখিল হইতে বিরত রাখিয়াছেন তাহা হইলে সেই লটের জন্য প্রাপ্ত দরপত্র খোলা অথবা গ্রহণের জন্য বিবেচনা করা হইবে না। উপরন্ত উক্ত আচরণ প্রদর্শনকারীর জামানতের অর্থ নিম্নস্বাক্ষরকারী বাজেয়াপ্ত করিতে পারিবেন এবং লটটি অবিক্রিত রহিয়াছে বলিয়া গন্য হইবে।

২৪। সর্বোচ্চ বা অন্য কোন দরপত্র মঞ্জুর/গ্রহণ করা বা না করা দরপত্র মূল্যায়ন কমিটির বিবেচনা সাপেক্ষ এবং এতদব্যাপারে কাহারো কোন দরপত্র মঞ্জুর করা অথবা না করিবার দরুন কমিটি কোন কারন দর্শাইতে বাধ্য নহেন।

২৫। ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার উর্ধ্বের কোন দরপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হইবে।

২৬ বিক্রয়কৃত গাছের বিক্রয়লব্ধ অর্থের শেয়ার সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী ভূমি মালিক, উপকারভোগী ও অন্যান্য সংস্থার মধ্যে যথাসময়ে প্রদান করা হইবে।

২৭। এই বিক্রয় নোটিশে যাহাই উল্লেখ থাকুক না কেন উহা ছাড়াও দরপত্রদাতাগন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সর্বশেষ প্রচলিত আইন-কানুনের আওতাভূক্ত থাকিবেন।

২৮। দরপত্র বিজ্ঞপ্তি শর্তসমূহ চুক্তিপত্রের শর্ত বলিয়া পরিগণিত হইবে।

(চলমান পাতা নং-০৩)

২৯। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দরপত্র প্রদান বা গ্রহণের সময় বিশৃংখলা, গোলযোগ, উত্তেজনা ও ত্রাস সৃষ্টির অপপ্রয়াস চালান এবং ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে দরপত্র দাখিলে বাধা প্রদান করেন তবে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। অনুরুপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র বাতিল করা হইবে।

৩০। গাছ কর্তনের সময় ক্রেতা/তাহার মনোনীত প্রতিনিধি লট এলাকায় অবশ্যই উপস্থিত থাকিবেন। ক্রেতা/তাহার প্রতিনিধির অনুপস্থিতির কারনে গাছ কর্তনের ক্ষেত্রে কোন ধরনের অনিয়ম হইলে তাহার জন্য ক্রেতাই দায়ী থাকিবেন।

৩১। লটক্রেতা উদ্বৃত দরের সহিত সংগৃহীত বনজদ্রব্যের মধ্যে যে সকল লটের বিপরীতে পরিবহন ব্যয় উল্লেখ আছে সে সকল লটের বনজদ্রব্যের পরিবহন ব্যয় আলাদাভাবে দিতে বাধ্য থাকিবেন।

৩২। খাড়া গাছ কর্তনের পর কাঠের পরিমাণ (Estimated Volume) বেশী হইলে সংশ্লিষ্ট লট ক্রেতা উদ্বৃত দরে অতিরিক্ত কাঠের মূল্য প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৩৩। দরপত্রের সূচীর নির্ধারিত তারিখে সরকার কর্তৃক কোন ছুটি ঘোষিত হইলে তৎপরবর্তী খোলার তারিখ উক্ত দরপত্র অনুষ্ঠিত হইবে।

৩৪। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, যশোর-এর অনুমতি সাপেক্ষে বিভাগীয় বন কর্মকর্তা, অত্র শর্তাবলীর যে কোন শর্ত রহিত বা যে কোন নতুন শর্ত আরোপ করিতে বা সংযোজন, পরিবর্তন ও পরিবর্ধন করিতে পারিবেন এবং উহার জন্য তিনি কাহারো নিকট কোন কারণ দর্শাইতে বাধ্য নহেন।

৩৫। অত্র দরপত্রের শর্তাবলীর যে কোন শর্তের ব্যাপারে উদ্ভুত কোন সমস্যার বিষয়ে বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, যশোর-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৩৬। সরকার কর্তৃক সময়ে সময়ে মূল্য সংযোজন কর, আয়কর ও অন্যান্য বিষয়ে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারণ হারে পরিশোধ করিতে হইবে।

১৬/১০/২০২২

(জি.এম. মোহাম্মদ কবির)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৮৮৫৩০৭৫
Email : dfokushtia@gmail.com

১৬/১০/২২

পত্র নং ঃ ২২.০১.৫০০০.৩৪৩.১৭.০০১.২০২২. ২০১০ — তারিখঃ ১৬/১০/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে নিম্নোক্ত মহলে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)।

০১। প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, ঢাকা।
০২ উপ-প্রধান বন সংরক্ষক, সামাজিক বনায়ন উইং, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। বন সংরক্ষক, সামাজিক অঞ্চল, যশোর। মহোদয়ের স্মারক নং ঃ ২২.০১.৪১০০.৩০৯.১৭.০০৭.২২.১১৯২ তারিখ ঃ ০৫/০৯/২০২২ খ্রিঃ মূলে দরপত্রের শর্তাবলী ক্রমিক নং-০১ হতে ৩৬ পর্যন্ত অনুমোদন করা হয়েছে।
০৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৫। সকল বিভাগীয় বন কর্মকর্তা, বাংলাদেশ।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৭। পুলিশ সুপার, কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৯। নির্বাহী প্রকৌশলী, সওজ/পানি উন্নয়ন বোর্ড/এলজিইডি, কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা।
১০। বিভাগীয় প্রকৌশলী-১, বাংলাদেশ রেলওয়ে, পাকশী, পাবনা।
১১। জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা।
১২। উপজেলা নির্বাহী অফিসার---------------------------------------------, কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা।
১৩। ----------------------------------------অফিস প্রধান,-------------------------------------------।
১৪। সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, কুষ্টিয়া/চুয়াডাঙ্গা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা/ফরেস্টার --------------------------------এসএফএনটিসি/এসএফপিসি-----------------------। তফসীলে বর্ণিত লটের বিষয়ে কোন বক্তব্য/সংশোধনী থাকলে তা সাথে সাথে জানানোর জন্য বলা হলো। অত্র দরপত্র বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট উপজেলা/স্থানীয় অফিসসমূহের/ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট বাগানের উপকারভোগী সমিতির সভাপতি/সম্পাদকদের গোচরিভূত করার ব্যবস্থা নেয়ার জন্যও তাকে বলা হলো এবং দরপত্র খোলার সময় সংশ্লিষ্ট বাগানের সভাপতি ও ভূমি মালিকের উপস্থিতি নিশ্চিত করার জন্য বলা হলো।
১৪। -------------------------------------------------------------------।

১৬/১০/২০২২

(জি.এম. মোহাম্মদ কবির)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৮৮৫৩০৭৫
Email : dfokushtia@gmail.com

১৬/১০/২২

biggopt 2022-2023